

RBI/2016-17/224

DCM (PIg) 3107/10.27.00/2016-17

ফেব্রুয়ারি 08, 2017

সকল ব্যাঙ্কসমূহ

মহাশয়া/ মাননীয় মহাশয়,

**সেভিৎস ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে নগদ রাশি প্রত্যাহারের সীমা অপসারণ**

অনুগ্রহ করে উল্লেখিত বিষয়ের উপর আমাদের জানিয়ারি 30, 2017 তারিখাঙ্কিত সারকুলার DCM (PIg) 2905/10.27.00/2016-17 দেখুন।

2. নভেম্বর 09, 2016 থেকে বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট (এসবিএন) প্রত্যাহারের আবহে রিজার্ভ ব্যাঙ্ক সেভিৎস/ কারেন্ট/ ক্যাশ ক্রেডিট/ ওভারড্রাফট অ্যাকাউন্ট থেকে নগদ রাশি প্রত্যাহার এবং এটিএম-এর মাধ্যমে রাশি প্রত্যাহারের উপর নির্দিষ্ট কিছু সীমা আরোপ করেছিল। পুনর্মুদ্রায়নের গতি পর্যালোচনা করে, রিজার্ভ ব্যাঙ্ক কারেন্ট/ ক্যাশ ক্রেডিট/ ওভারড্রাফট অ্যাকাউন্ট এবং এটিএম থেকে নগদ রাশি প্রত্যাহারের উপর আরোপিত বিধিনিষেধ যথাক্রমে জানুয়ারি 31, 2017 এবং ফেব্রুয়ারি 01, 2017 তারিখে কার্যকরীরূপে অপসারণ করে পূর্বতন স্বাভাবিক ব্যবস্থা আংশিকভাবে পুনঃস্থাপিত করেছিল। যদিও, সেভিৎস ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে নগদ রাশি প্রত্যাহারের উপর আরোপিত সীমা অব্যাহতভাবে বিদ্যমান ছিল।

3. পুনর্মুদ্রায়নের গতির সূত্র ধরে, বর্তমানে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে সেভিৎস ব্যাঙ্ক অ্যাকাউন্ট (পিএমজেডিওয়াই-এর অধীনে খোলা অ্যাকাউন্টসমূহ সহ) থেকে নগদ রাশি প্রত্যাহারের উপর আরোপিত বিধিনিষেধ নিম্নলিখিত দুটি পদক্ষেপ প্রক্রিয়া অনুসরণ করে অপসারণ করা হবে:

- i. ফেব্রুয়ারি 20, 2017 থেকে কার্যকরী, সেভিৎস ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে নগদ রাশি প্রত্যাহারের সীমা বর্ধন করে সপ্তাহ প্রতি ₹ 50,000 (বর্তমান সীমা সপ্তাহ প্রতি ₹ 24,000 থেকে) করা হবে; এবং
- ii. মার্চ 13, 2017 থেকে কার্যকরী, সেভিৎস ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে নগদ রাশি প্রত্যাহারের কোনও সীমা থাকবে না।

4. অনুগ্রহ করে প্রাপ্তিস্বীকার করুন।

আপনার বিশ্বস্ত,

(পি বিজয় কুমার)

মুখ্য মহা প্রবন্ধক